



0000

00000000 00000000 000000 000000

**Job Category:** Administration/General Management

**Job Source:** The New Age

## Job Summary

**Posted On:** 4 Nov 2024

**Application Deadline:** 10 Dec 2024



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড  
১৬০ কাকরাইল, ঢাকা-১০০০  
Website: www.basb.gov.bd

### নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয় স্মারক নং ২৩.০০.০০০০.০৫০.১১.২৪৩.১৭-৬৬; তারিখ ০২ অক্টোবর ২০২৪ এর আলোকে বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ডের অধীন বিভিন্ন জেলা সশস্ত্র বাহিনী বোর্ডসমূহে "সচিব" পদের শূন্যপদে নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম	শূন্যপদের সংখ্যা	জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড	বয়সসীমা	প্রয়োজনীয় যোগ্যতা
১.	সচিব	১০ (দশ)টি	গ্রেড-৫ম	সর্বোচ্চ ৫৩ বছর	সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত মেজর বা সমপদমর্যাদার কর্মকর্তা।

আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যিকীয়ভাবে অনুসরণীয়;

- প্রার্থীকে নির্ধারিত আবেদনপত্রের সঙ্গে সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, ১৬০ কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর আগামী ১০ ডিসেম্বর ২০২৪ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সরাসরি (অফিস চলাকালীন সময়ে)/ডাকযোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে পৌঁছাতে হবে। আবেদনের ফরম প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mod.gov.bd) এবং বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (বিএএসবি) এর ওয়েবসাইটে (www.basb.gov.bd) পাওয়া যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীর বয়স ১০ নভেম্বর ২০২৪ তারিখে সর্বোচ্চ ৫৩ বছর হতে হবে।
- নিয়োগ কমিটি কর্তৃক যোগ্য প্রার্থীগণের মধ্য থেকে নির্বাচনী পরীক্ষার মাধ্যমে কর্মকর্তা নির্বাচন করা হবে। পরীক্ষার তারিখ ও সময় পৃথকভাবে জানানো হবে।
- এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- সশস্ত্র বাহিনী হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবেন না।
- নিম্নবর্ণিত নথিপত্রসমূহ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে:
  - প্রার্থীর চাকরি হতে অবসর গমনের আদেশ (রিপিজ অর্ডার) এর সত্যায়িত ফটোকপি।
  - বাহিনীজয়ের অফিসারদের স্ব স্ব রেকর্ড অফিস হতে অফিসারদের হালনাগাদ তথ্য (চাকুরীতে যোগদানের তারিখ, অবসর গ্রহণের তারিখ, অবসরের ধরণ) সম্বলিত প্রত্যয়নপত্র।
  - প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা ও অতিরিক্ত বিশেষ যোগ্যতার সত্যায়িত ফটোকপি (প্রয়োজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্র)।
  - জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- আবেদনপত্রের সাথে 'পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, ১৬০ কাকরাইল, ঢাকা-১০০০' বরাবর সোনালী ব্যাংকের অটোমেটেড চালানের (প্রাতিষ্ঠানিক কোড ১১৯০৯১৪ অর্থনৈতিক কোড ১৪২২৩২৬ অথবা প্রাতিষ্ঠানিক কোড (ম্যানুয়াল) ১-১৯৩৫-০১০০-২০৩১) মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ৬০০/- টাকা (অফেরতযোগ্য) জমাকরতঃ চালান এর মূলকপি সংযুক্ত করতে হবে অথবা "পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড" বরাবর ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ৯"X ৪" সাইজের ১টি ফেরত খাম ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটসহ আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে সরকারি নিয়মাবলী এবং সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষ নিম্নরূপ অধিকার সংরক্ষণ করে :
  - নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
  - অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
  - এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

আই এস পি আর/বিবিধ/ ২০২৪/৪৮৮  
৩/১১/২৪

পরিচালক  
বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (বিএএসবি)

(৯X৩)

সিঞ্জি-২২৭২/২৪